না ফেরার দেশে নওগাঁর এমপি ইসরাফিল

নওগাঁ জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও নওগাঁ-৬ (আত্রাই-রানীনগর) আসনের এমপি ইসরাফিল আলম ১১ দিন চিকিৎসাধীন থাকার পর অবশেষে মারা গেলেন।

সোমবার সকাল সোয়া ৬টার দিকে ঢাকার স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন তিনি মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি … রাজিউন)।

তীব্র শ্বাসকষ্ট নিয়ে তিনি গত ১৭ জুলাই থেকে স্কয়ার হাসপাতালে ভেন্টিলেশনে ছিলেন। তিনি স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলেসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

রানীনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি আনোয়ার হোসেন হেলাল যুগান্তরকে বলেন, গত ৬ জুলাই অসুস্থতা নিয়ে তিনি প্রথম ঢাকার স্কয়ার হাসপাতালে ভর্তি হয়েছিলেন। তখন তার করোনা ধরা পড়ে। সেখানে কিছু দিন চিকিৎসা নেয়ার পর তিনি বাড়ি চলে যান। পরে পরীক্ষা করে করোনা নেগেটিভ আসে। এ অবস্থায় গত ১৭ জুলাই আবার অসুস্থ হয়ে পড়লে তাকে স্কয়ার হাসপাতালে ভর্তি করা হয়। গত শুক্রবার রাত ১১টা দিকে তার প্রচণ্ড শ্বাসকষ্ট দেখা দিলে তাকে ভেন্টিলেশন সাপোর্ট দেয়া হয়।

তিনি বলেন, বাড়িতে নিয়ে আসার পর ১৭ জুলাই তার কাশির সঙ্গে রক্ত আসে। ওই দিন আমরা তাকে রাজধানীর স্কয়ার হাসপাতালে ভর্তি করা হয়। তার অবস্থা খুবই সংকটাপন্ন বলে চিকিৎসকরা জানিয়েছিলেন। সোমবার সকালে তিনি হাসপাতালে চিকিৎসাধীন মারা যান।

উল্লেখ্য, ১৯৬৭ সালে রানীনগর উপজেলার গোনা ইউনিয়নের ঝিনা গ্রামে জন্মগ্রহণ করেন। ২০০৮ সালে আওয়ামী লীগ থেকে মনোনয়ন পেয়ে বিপুল ভোটে বিজয়ী হন তৎকালীন ঢাকা মহানগর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক ইসরাফিল আলম। তার প্রতিদ্বন্দ্বী ছিলেন সাবেক প্রতিমন্ত্রী আলমগীর কবীরের ছোট ভাই বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন বুলু।

এর পর ২০১৪ সালে দশম জাতীয় সংসদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় এবং একাদশে সাবেক প্রতিমন্ত্রী আলমগীর কবীরকে পরাজিত করে নির্বাচিত

হন ইসরাফিল আলম।

সূত্র- যুগান্তর

ঝিনাইদহে পৌর আওয়ামী লীগের বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

‘গাছ লাগান, পরিবেশ বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে পৌর আওয়ামী লীগের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচী পালিত হয়েছে।

রোববার সকালে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়।

এসময় পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, সরকারি কেসি কলেজ ছাত্র লীগের সাধারণ সম্পাদক ও জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু সুমন বিশ্বাসসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় প্রতিষ্ঠান প্রাঙ্গণে ২০ টি গাছের চারা রোপন করা হয়। পর্যায়ক্রমে পৌর এলাকাসহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কয়েক হাজার গাছের চারা রোপন করা হবে বলে জানান আয়োজকরা।

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও

একজনের করোনায় মৃত্যু

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনা উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে। বুধবার (২২ জুলাই) দিবাগত রাত ১২ টায় টুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

মৃত মকবুল হোসেন (৮০) কলেজপাড়ার মৃত এনাম আলীর ছেলে ও পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আলম হোসেনের পিতা। শহরের প্রসিদ্ধ ‘মকবুল ক্লথ স্টোর‘র স্বত্তাধিকারী ছিলেন তিনি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার হাদি জিয়াউদ্দিন আহমেদ বলেন, মৃত মকবুল হোসেনের জ্বর ও শ্বাসকষ্টসহ করোনার অনেকগুলো উপসর্গ ছিল। তার নমুনা সংগহ্র করা হয়েছে। তিনি জানান, এ নিয়ে আলমডাঙ্গায় করোনা উপসর্গে মারা গেলেন চারজন। করোনাভাইরাসে মারা গেছেন একজন। মোট আক্রান্তের সংখ্যা ১০৫ জন।

জানা গেছে, মকবুল হোসেন কিছুদিন যাবৎ বয়সজনিত নানা সমস্যায় ভুগছিলেন। এরমধ্যে তার জ্বর ও শ্বাসকষ্ট দেখা দেয়। অবস্থা খারাপের দিকে গেলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তিনি বুধবার দিবাগত রাত ১২ টার দিকে মারা যান।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা দারুস সালাম ঈদগাহ ময়দানে সরকারী নিয়মানুযায়ী জানাজা শেষে ইসলামী ফাউন্ডেশনের উদ্যেগে দাফন করা হয়। এ সময় জানাজায় অংশ নেন পৌরসভার মেয়র হাসান কাদির গনু, আলম হোসেনসহ পরিবারের সদস্যবৃন্দ।

ছাত্রলীগ নেতা অস্ত্রসহ গ্রেফতার

ফেনীর সোনাগাজীতে ছাত্রলীগ কর্মী শামীম হত্যা মামলায় ছাত্রলীগ নেতা সাঈদ আনোয়ার প্রকাশ আনোয়ার হোসেনকে (২৮) অস্ত্রসহ গ্রেফতার করেছে র্যাব।

র্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সোনাগাজীর জিরো পয়েন্ট সংলগ্ন আওয়ামী লীগের কার্যালয়ের সামনে থেকে সোমবার তাকে গ্রেফতার করা হয়।

এসময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগজিন ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে গত বছর ঈদুল আযহার রাতে আমিরাবাদ ইউনিয়ন ছাত্রলীগ কর্মী মো. শামীমকে হত্যা, পুলিশের ওপর হামলা, ছিনতাইসহ বিভিন্ন সময় এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে সশস্ত্র সংঘর্ষের বিভিন্ন অভিযোগ আছে। আনোয়ার আমিরাবাদ ইউনিয়নের তিন বাড়িয়া গ্রামের মো. হানিফের ছেলে।

ছাত্রলীগের সাবেক সভাপতি সোহাগ করোনায় আক্রান্ত

ছাত্রলীগের সাবেক সভাপতি সাইফুর রহমান সোহাগ করোনাভাইরাসে আক্রান্ত। তার শারীরিক অবস্থা ভালো। তিনি রাজধানীর পরীবাগের বাসায় থেকে চিকিৎসা নিচ্ছেন।

সাইফুর রহমান সোহাগ সোমবার দুপুরে টেলিফোনে যুগান্তরকে বলেন, শরীরে উপসর্গ দেখা দিলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে করোনা টেস্ট করিয়েছি। এতে করোনা পজিটিভ রেজাল্ট আসে। এর পর থেকে বাসায়ই আছি।

সোহাগ সবার কাছে দোয়া চেয়ে বলেন, আমি শারীরিকভাবে ফিট আছি। সবাই দোয়া করবেন যেন পুরোপুরি সুস্থ হয়ে উঠতে পারি।

এর আগে রোববার রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেয়া এক পোস্টে সোহাগের করোনা সংক্রমিত হওয়ার বিষয়টি জানান ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন।

তিনি লেখেন– পুরো রমজান মাসজুড়ে অসহায় অসচ্ছল কর্মহীন মানুষের মাঝে ইফতার বিতরণ, নিজ এলাকা ও বিভিন্ন স্থানে ত্রাণ বিতরণ এবং সামাজিক কার্যক্রমে মানুষের পাশে দাঁড়িয়ে আজ নিজেই অসুস্থ সাইফুর

রহমান সোহাগ। তার দ্রুত সুস্থতা কামনা করি। সূত্র-যুগান্তর

মেহেরপুর জেলা ছাত্রলীগের মাস্ক বিতরণ

মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল, আরোহীদের মধ্যে দুই’শ মাক্স বিতরণ করা হয়।
মঙ্গলবার বিকালে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন মাস্ক বিতরণ কর্মসূচির শুভ উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে জনপ্রসাশন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নির্দেশে জেলা ছাত্রলীগ’র পক্ষ থেকে সাধারণ মানুষের মাঝে মাস্ক বিতরণ করছি।

তিনি আরও বলেন করোনা ভাইরাস যখন থেকে বাংলাদেশে আক্রমণ করেছে তখন থেকে মানুষের পাশে থেকেছি। ত্রাণ সহযোগীতা সহ সবজি বিতরণ, মাস্ক, হ্যান্ড সেনিটাজার সহ বিভিন্ন জায়গায় শতাধিক বৃক্ষরোপণ ও করেছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন সহ-সভাপতি দুলাল মাহমুদ, সদর উপজেলা সভাপতি জুলকারনাইন সোহাগ, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ সহ ছাত্রলীগের নেতাকর্মীরা।

দলের ভেতরের ‘বর্ণচোরাদের’

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

‘[redacted]’

[redacted]

[redacted]

তিনি বলেন, জনগণ এখন আর তাদের মিথ্যাচারে বিভ্রান্ত হয় না। বিএনপির মরিচা ধরা কৌশল আজ অকৌশলে রূপ নিয়ে বুমেরাং হচ্ছে। ‘দেশের মানুষ এখন দোষারোপের রাজনীতি পছন্দ করে না। অথচ বিএনপি এমন মিথ্যাচার করে যে, তার জবাব না দিয়েও পারা যায় না। এখন রাজনীতি হতে হবে মানুষকে বাঁচানো ও বৈশ্বিক সংকট করোনার সংক্রমণ রোধ’-যোগ করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। সুত্র-যুগান্তর

তখন চাপ তৈরি করেছিলেন কেন: ফখরুলকে কাদের

জনগণের জীবন-জীবিকার ওপর সরকারের কোনো দায়িত্ব নেই– বিএনপি মহাসচিবের এমন অভিযোগ প্রত্যাখ্যান করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। বলেছেন, জীবন ও জীবিকার চাকা সচল রাখতে শেখ হাসিনা সরকার যখন নানামুখী সিদ্ধান্ত নিয়েছিল, তখন বিএনপি সমালোচনা করেছিল কেন?

‘লকডাউনের জন্য চাপ তৈরি করে মির্জা ফখরুল এখন জনগণের জীবিকার কথা বলছেন’। ওবায়দুল কাদের রোববার রাজধানীতে সরকারি বাসভবনে নিয়মিত ব্রিফিংয়ে এ কথা বলেন।

বিএনপির বক্তব্যের সূত্র ধরে তিনি বলেন, রাস্তায় রাস্তায় মানুষ মরে পড়ে থাকেনি। আর সেটি হয়নি বলেই বিএনপির গাত্রদাহ।
‘সরকারের অবহেলা আর অজ্ঞতার জন্য পরিস্থিতি খারাপ হয়েছে’- বিএনপি নেতাদের এমন বক্তব্যের জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, করোনা মহামারীতে বিশ্বের কোন দেশ বিদ্যমান সুবিধা দিয়ে সফলতা পেয়েছে? কোন দেশ হিমশিম খায়নি। সরকার সর্বোচ্চ চেষ্টা করে জনগণকে সঙ্গে নিয়ে সংকট মোকাবেলা করে চলেছে।

সাম্প্রতিক করোনা পরীক্ষায় দুই প্রতিষ্ঠানের প্রতারণা মানুষকে বিস্মিত করেছে জানিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী দ্রুততার সঙ্গে তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান।

মন্ত্রী স্মরণ করিয়ে দিয়ে বলেন, শেখ হাসিনার সরকার কোনো অন্যায়কারীকে ছাড় দেয়নি, ভবিষ্যতেও দেবে না।

কোরবানির পশুর হাট নিয়ে সেতুমন্ত্রী বলেন, আসন্ন কোরবানির ঈদে পশুর হাট এবং মানুষের ঈদযাত্রা করোনা সংক্রমণের মাত্রাকে উদ্বেগজনক পর্যায়ে নিয়ে যেতে পারে– বিশেষজ্ঞদের এমন আশঙ্কায় করোনাবিষয়ক জাতীয় কারিগরি পরামর্শক কমিটি কয়েকটি জেলায় পশুর হাট না বসানোর পরামর্শ দিয়েছে। বিদ্যমান এ পরিস্থিতিতে এ পরামর্শ খুবই ব্যবহারিক এবং বাস্তবায়ন সম্ভব হলে ভালো ফল বয়ে আনবে নিঃসন্দেহে।

তিনি বলেন. যত্রতত্র পশুর হাট বসানো যাবে না, সড়ক-মহাসড়কের ওপর কিংবা পাশে অনুমতি দেয়া যাবে না। কেনাবেচায় কঠোরভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। সূত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

বিএনপির ডাবল স্ট্যান্ডার্ড নীতি জনগণের কাছে পরিষ্কার: কাদের

বিএনপি বিষোদগার ছাড়া এ সংকটে জাতিকে কিছুই দিতে পারেনি বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

তিনি রোববার রাজধানীতে সরকারি বাসভবনে নিয়মিত ব্রিফিংয়ে এ কথা বলেন।

ওবায়দুল কাদের বলেন, বিএনপির সুবিধাবাদী রাজনৈতিক চরিত্র এবং ডাবল স্ট্যান্ডার্ড ইতিমধ্যে জনগণের কাছে পরিষ্কার হয়ে গেছে।

বিএনপির বক্তব্যের সূত্র ধরে তিনি বলেন, রাস্তায় রাস্তায় মানুষ মরে পড়ে থাকেনি। আর সেটি হয়নি বলেই বিএনপির গাত্রদাহ।

জনগণের জীবন-জীবিকার ওপর সরকারের কোনো দায়িত্ব নেই– বিএনপি মহাসচিবের এমন অভিযোগ প্রত্যাখ্যান করে ওবায়দুল কাদের বলেন, জীবন ও জীবিকার চাকা সচল রাখতে শেখ হাসিনা সরকার যখন নানামুখী সিদ্ধান্ত নিয়েছিল, তখন বিএনপি সমালোচনা করেছিল কেন?

তিনি বলেন, লকডাউনের জন্য চাপ তৈরি করে মির্জা ফখরুল এখন জনগণের জীবিকার কথা বলছেন।

‘সরকারের অবহেলা আর অজ্ঞতার জন্য পরিস্থিতি খারাপ হয়েছে’- বিএনপি নেতাদের এমন বক্তব্যের জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, করোনা মহামারীতে বিশ্বের কোন দেশ বিদ্যমান সুবিধা দিয়ে সফলতা পেয়েছে? কোন দেশ হিমশিম খায়নি। সরকার সর্বোচ্চ চেষ্টা করে জনগণকে সঙ্গে নিয়ে সংকট মোকাবেলা করে চলেছে।

সাম্প্রতিক করোনা পরীক্ষায় দুই প্রতিষ্ঠানের প্রতারণা মানুষকে বিস্মিত করেছে জানিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী দ্রুততার সঙ্গে তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান।

মন্ত্রী স্মরণ করিয়ে দিয়ে বলেন, শেখ হাসিনার সরকার কোনো অন্যায়কারীকে ছাড় দেয়নি, ভবিষ্যতেও দেবে না।

কোরবানির পশুর হাট নিয়ে সেতুমন্ত্রী বলেন, আসন্ন কোরবানির ঈদে পশুর হাট এবং মানুষের ঈদযাত্রা করোনা সংক্রমণের মাত্রাকে উদ্বেগজনক পর্যায়ে নিয়ে যেতে পারে– বিশেষজ্ঞদের এমন আশঙ্কায় করোনাবিষয়ক জাতীয় কারিগরি পরামর্শক কমিটি কয়েকটি জেলায় পশুর হাট না বসানোর পরামর্শ দিয়েছে। বিদ্যমান এ পরিস্থিতিতে এ পরামর্শ খুবই ব্যবহারিক এবং বাস্তবায়ন সম্ভব হলে ভালো ফল বয়ে আনবে নিঃসন্দেহে।

তিনি বলেন. যত্রতত্র পশুর হাট বসানো যাবে না, সড়ক-মহাসড়কের ওপর কিংবা পাশে অনুমতি দেয়া যাবে না। কেনাবেচায় কঠোরভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। সূত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

মেহেরপুর ছাত্রলীগের উদ্যোগে মাস্ক বিতরণ

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ছাত্রলীগের উদ্যোগে জনসাধারণের মাঝে দুই’শ মাস্ক বিতরণ করা হয়।

বুধবার সকালে সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ছাত্রলীগের তানমুন ইসলাম মাস্ক বিতরণ কর্মসূচী উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে জনপ্রসাশন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নির্দেশে ও মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের দিক নির্দেশনায় সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ছাত্রলীগ এর পক্ষ থেকে সাধারণ মানুষের মাঝে আমরা মাস্ক বিতরণ করছি।

এর আগেও আমরা বিভিন্ন জায়গায় শতাধিক বৃক্ষরোপণ ও মাস্ক বিতরণ করেছি। তিনি আরও বলেন করোনা ভাইরাস এর মহামারী সমাপ্তি না হচ্ছে ততদিন মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ছাত্রলীগ জনসাধারণের জন্য স্বেচ্ছায় কাজ করে যাবে।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম আরিফ, জেলা ছাত্রলীগের সদস্য আসিক মাহমুদসহ ইমন, রিমন, মাইনুর শেখ বিপ্লবসহ প্রমুখ